

বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকাণ্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন-মার্চ ২০২৪

১। **সর্বমোট অর্জন।** মার্চ ২০২৪ মাসে ২,৯৫২ টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৭৯৫,৫৬,১৪,৫৯৬/০০ (টাকা সাতশত ষাটানব্বই কোটি ছাশ্বান্ন লক্ষ চৌদ্দ হাজার পাঁচশত ছিয়ানব্বই মাত্র) অর্থমূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান।** মার্চ ২০২৪ মাসে চোরাচালান অভিযানে মোট ০১ কোটি ৯৫ লক্ষ ২২ হাজার ৫৯৬ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (আউটপোস্ট শাহপুরী) কর্তৃক আটককৃত পণ্য



পূর্ব জোন (স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত পণ্য

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মার্চ ২০২৪ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ৭৯২ কোটি ৬৬ লক্ষ ৩২ হাজার টাকার অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ১০০,০৪,৪৭,৫০০ মিটার কারেন্ট জাল, ১,৯৪০ টি বেহন্দি/মশারি জাল, ১৫০৩,২০,৭৮,৪০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ৩৬,১১৮ কেজি জাটকা, ২১,৭৬,১৭,৬৬৫ পিস চিংড়ি/ফাইসা পোনা, ১৭,৫৬০ কেজি জেলি পুশকৃত চিংড়ি ৩২ টি বোট ও ১৬২ জন জেলে আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (স্টেশন হিজলা) কর্তৃক আটককৃত কারেন্ট জাল



পশ্চিম জোন (আউটপোস্ট কচিখালী) কর্তৃক আটককৃত চরঘেরা জাল



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জাটকা



ঢাকা জোন (স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত জেলিপুশকৃত চিংড়ি

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান। মার্চ ২০২৪ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,০৮,০২৫ পিস ইয়াবা, ১৫২ক্যান/বোতল বিভিন্ন প্রকার বিয়ার, ৪৫,৮০০ শলাকা সিগারেট এবং ৫২ কেজি ৬০ গ্রাম গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন কর্তৃক আটককৃত বিয়ার



ঢাকা জোন (স্টেশন চাঁদপুর) কর্তৃক আটককৃত গাঁজা



পূর্ব জোন (আউটপোস্ট শাহপুরী) কর্তৃক আটককৃত ইয়াবা



পশ্চিম জোন কর্তৃক আটককৃত গাঁজা ও বিয়ার

৫। পরিবেশ রক্ষা অভিযান। মার্চ ২০২৪ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক পরিবেশ রক্ষা অভিযানে ০১ টি তক্ষক এবং ০৪ টি হরিণের চামড়া আটক করা হয় এবং আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (স্টেশন পাথরঘাটা) কর্তৃক আটককৃত হরিণের চামড়া



দক্ষিণ জোন (স্টেশন নিদ্রাসাধিনা) কর্তৃক আটককৃত তক্ষক

৬। ডাকাত/বনদস্যতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা/ছুরি উদ্ধার।

মার্চ ২০২৪ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে

বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা ০১টি দেশীয় পিস্তল, ০৬টি রামদা/চাপাতি/ছুরি এবং ৩৯ জন ডাকাত/বনদস্য/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়। আটককৃত মালামাল ও ব্যক্তিদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজিএস কুতুবদিয়া) কর্তৃক উদ্ধারকৃত অস্ত্র

৭। উদ্ধার অভিযান।

মার্চ ২০২৪ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড উদ্ধার অভিযান পরিচালনা করে ০২ টি

মৃতদেহ এবং ০১টি বোট উদ্ধার করা হয়। উদ্ধারকৃত বোট ও মৃতদেহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন কর্তৃক উদ্ধারকৃত মৃতদেহ